রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৫ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩০, ২০১৫

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৭—৪৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৪৩—১১৯৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮১—১৮২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৯৫—১০০২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃংখলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ আষাঢ় ১৪২২/১২ জুলাই ২০১৫

**নং ০৫.১৮৪.০২৭.০২.০০.০১৩.২০১৩-২৬১**—যেহেতু জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২), প্রাক্তন উপজেলা নির্বাহী কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, নীলফামারী গত ১৯-০৩-২০০৯ থেকে ০৬-০৯-২০০৯ তারিখ এবং ০৪-১০-২০১০ হতে ২৪-১০-২০১০ তারিখ পর্যন্ত সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী এর অতিরিক্ত দায়িত্ব পালন করেন। সহকারী কমিশনার (ভূমি) হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালনকালে তিনি ৫৯৮টি নামজারি মামলা নিষ্পত্তি করেন। নামজারি মামলা নিষ্পত্তিকালে তিনি নিয়ম বহির্ভূতভাবে অধিকাংশ মামলায় আবেদনকারীর স্বাক্ষর গ্রহণ করেননি, দরখাস্তের প্রয়োজনীয় কোর্ট ফি সংযুক্ত করেননি, পক্ষগণকে নোটিশ প্রদান করেননি, যথাযথভাবে শুনানি গ্রহণ করেননি এবং ডিসিআর এর মাধ্যমে সরকারি ফিস আদায় সংক্রান্ত তথ্য যথাযথভাবে নথিতে লিপিবদ্ধ করেননি। উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুসারে "অসদাচরণ (Misconduct)" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৬-১১-২০১৩ তারিখের ০৫.১৮৪.০২৭.০২.০০.০১৩.২০১৩-৪১৯ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে বিগত ১৭-১২-২০১৩ তারিখে বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় বেগম শামিমা ইয়াছমিন, যুগ্মসচিব, তদন্ত-১, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১২-০৩-২০১৪ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২)-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক ২ বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ-দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২০-০৫-২০১৪ তারিখে ২য় কারণ-দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২)-কে ২ বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২)-কে ২ বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post)" গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন;

যেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২)-কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে ২ বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post)" অর্থাৎ ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ স্কেলের নিম্ন স্কেল ১৫০০০-৭০০×১৬-২৬২০০ টাকার স্কেলে সহকারী কমিশনার/সহকারী সচিব পদে নামিয়ে দেয়ার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২), প্রাক্তন উপজেলা নির্বাহী কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, নীলফামারী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে ২ বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post)" অর্থাৎ ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ স্কেলের নিম্ন স্কেল ১৫০০০-৭০০×১৬-২৬২০০ টাকার স্কেলে সহকারী কমিশনার/সহকারী সচিব পদে নামিয়ে দেয়ার গুরুদণ্ড আরোপ করা হল। পদাবনতি বলবৎ থাকার সময়কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ স্কেলে প্রত্যাবর্তন করবেন। তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

## আদেশ

তারিখ, ১৮ জুন ২০১৫

**নং বিচার-৭/২এন-১৬০/৮০(অংশ)-৩২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (খন্দকার মোঃ মিরাজ, পিতা মৃত মজিবর রহমান খন্দকার, মাতা নুরজাহান বেগম, গ্রাম কালিন্দী, ডাকঘর ব্রাহ্মণকির্ত্তা, উপজেলা কেরানীগঞ্জ, জেলা ঢাকা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার কালিন্দী ইউনিয়নের ৪, ৫, ৬, ৭ ও ৮নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবাস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।